গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮।
www.rhd.portal.gov.bd

স্মারক নং- ৩৫.০১.০০০০.৩৬৮.০৫.০০১.২২-২৮১ তারিখঃ-০৪/০৮/২০২২খ্রি:

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সড়ক ও জনপথ অধিদপ্তরের নৈতিকতা কমিটির ২০২২-২০২৩ অর্থ বছরের ১ম সভার কার্যবিবরণী।

সভাপতিঃ এ, কে, এম, মনির হোসেন পাঠান
প্রধান প্রকৌশলী, সওজ
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
ও আহবায়ক, সওজ নৈতিকতা কমিটি।

তারিখ ও সময়ঃ ২৬/০৭/২০২২ খ্রিস্টাব্দ
সকাল ১১ : ০০ ঘটিকা

স্থানঃ Online এ Zoom Meeting এর মাধ্যমে।

প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর ও আহবায়ক, সওজ নৈতিকতা কমিটি ও সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং-কে সড়ক ও জনপথ অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ ভুক্ত কার্যক্রম সমূহের অগ্রগতির বিষয়ে অবতারনা করার আহবান জানান। অতঃপর অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং ও সদস্য সচিব, সওজ নৈতিকতা কমিটি সভায় সড়ক ও জনপথ অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ ভুক্ত কার্যক্রম সমূহের অগ্রগতি পর্যালোচনাপূর্বক ১ম প্রান্তিকের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জনের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকার বিষয়ে অনুরোধ করেন।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ ভুক্ত কাঁযক্রম নং-১.১ এর বিষয়ে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, নৈতিকতা কমিটির সভা আজকে সম্পন্ন করা হচ্ছে।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ ভুক্ত কাঁযক্রম নং-১.২ এর বিষয়ে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, নির্ধারিত সময়ের মধ্যে নৈতিকতা কমিটির সভার গৃহিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করা হবে।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ ভুক্ত কাঁযক্রম নং-১.৩ এর বিষয়ে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, আগামী সেপ্টেম্বর, ২০২২ এর মধ্যে অংশীজন সভা-টির আয়োজন করা হবে।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ ভুক্ত কার্যক্রম নং-১.৪ এর বিষয়ে নির্বাহী প্রকৌশলী, সওজ, প্রশিক্ষণ কেন্দ্র জানান, লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত প্রশিক্ষণ ২ (দুই)-টির আয়োজন করা হবে। বর্তমানে প্রশিক্ষণার্থী নির্বাচনের কার্যক্রম চলমান রয়েছে।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ ভুক্ত কার্যক্রম নং-১.৫ এর বিষয়ে নির্বাহী প্রকৌশলী, সওজ, তদন্ত বিভাগ জানান, অফিসে প্রচলিত স্বাস্থ্যবিধি অনুসরণের (মাস্ক পরিধান, হ্যান্ড সেনিটাইজারিং ব্যবস্থা, সাবান দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা, ওয়াশ রুম পরিচ্ছন্ন থাকা) সংক্রান্ত পরিবীক্ষণের ০১ (এক) টি কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী অবশিষ্ট ০২ (দুই) টি কার্যক্রম সেপ্টেম্বর, ২০২২ এর মধ্যে সম্পন্ন করা হবে।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ ভুক্ত কার্যক্রম নং- ২.১ এর বিষয়ে নির্বাহী প্রকৌশলী, সওজ, তদন্ত বিভাগ জানান, ইতোমধ্যে সকল জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলী এবং সকল প্রকল্পের প্রকল্প পরিচালকগন-কে ২০২২-২০২৩ অর্থবছরের উন্নয়ন বাজেট এবং রক্ষণাবেক্ষণ বাজেটের অন্তর্ভূক্ত কার্যক্রমের ক্রয় পরিকল্পনা প্রনয়ন ও অনুমোদন পূর্বক সওজ ওয়েবসাইটে প্রকাশের নিমিত্ত ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। কয়েকটি দপ্তরের অনুমোদিত ক্রয় পরিকল্পনা ইতোমধ্যে পাওয়া গিয়েছে। তিনি জানান, ৩১-০৭-২০২২ তারিখের মধ্যে সকল জোন এবং প্রকল্প হতে ক্রয় পরিকল্পনা পাওয়া যাবে এবং তা নির্ধারিত সময়ের মধ্যে সওজ ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ ভুক্ত কার্যক্রম নং- ২.২ এর বিষয়ে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, অনুমোদিত ক্রয় পরিকল্পনা অনুযায়ী ১ম প্রান্তিকে ২০% ক্রয় কার্যক্রমের দরপত্র বা প্রস্তাব দাখিলের আহবান প্রকাশ করা হলে ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন হয়েছে মর্মে ধরে নেয়া হবে। তিনি এই লক্ষ্যমাত্রাটি অর্জনের বিষয়ে সংশ্লিষ্ট সকল-কে পত্র প্রেরণ করা যেতে পারে মর্মে অবহিত করেন।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ ভুক্ত কার্যক্রম নং- ২.৩ এর বিষয়ে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, লক্ষ্যমাত্রা অনুযায়ী সেপ্টেম্বর, ২০২২ এর মধ্যে সড়ক ও জনপথ অধিদপ্তরের বাজেটের (রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন) ৫% বাস্তবায়ন করতে হবে। তিনি এই লক্ষ্যমাত্রাটি অর্জনের বিষয়ে ব্যবস্থা গ্রহনের জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, রক্ষণাবেক্ষণ সার্কেল এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, মনিটরিং সার্কেল-কে আহবান জানান।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ ভুক্ত কার্যক্রম নং-২.৪ এর বিষয়ে নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা বিভাগ-২ জানান, ২৬-০৭-২০২২ তারিখে ০১ (এক) টি প্রকল্পের PIC সভা সম্পন্ন করা হবে এবং লক্ষ্যমাত্রা অনুযায়ী অবশিষ্ট ১৩ (তের) টি PIC সভার জন্য মাঠ পর্যায়ে আলোচনা চলমান এবং নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জিত হবে।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ ভুক্ত কার্যক্রম নং- ৩.২, Quality Assurance Plan অনুসরণ হচ্ছে কিনা তা নীরিক্ষাকরণের কার্যক্রমের বিষয়ে পরিচালক (তঃ প্রঃ), সওজ, বাংলাদেশ সড়ক গবেষণাগার জানান, নির্ধারিত সেপ্টেম্বর, ২০২২ এর মধ্যে ০৪ (চার)-টি উল্লেখযোগ্য চলমান কাজে Quality Assurance Plan অনুসরণ হচ্ছে কিনা তা নীরিক্ষাকরণের কার্যক্রম সম্পন্ন করা হবে।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ ভুক্ত কার্যক্রম নং-৩.৩, ডিজিটাল প্লাটফরম ব্যবহারের মাধ্যমে প্রধান কার্যালয় হতে মাঠ পর্যায়ের গুরুত্বপূর্ণ চলমান কাজ মনিটরিংকরণ কার্যক্রম এর বিষয়ে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, নির্ধারিত সেপ্টেম্বর, ২০২২ এর মধ্যে ০২ (দুটি)-টি প্রকল্পের চলমান কাজ ডিজিটাল প্লাটফরম ব্যবহারের মাধ্যমে মনিটরিং এর কার্যক্রম সম্পন্ন করা হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয়ঃ

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১।	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা সেপ্টেম্বর, ২০২২ এর মধ্যে আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং।
২।	শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ প্রশিক্ষণ কেন্দ্র।
৩।	কর্ম-পরিবেশ উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	নির্বাহী প্রকৌশলী, সওজ, তদন্ত বিভাগ।
৪।	২০২২-২০২৩ অর্থবছরের উন্নয়ন বাজেট এবং রক্ষণাবেক্ষণ বাজেটের অন্তর্ভূক্ত কার্যক্রমের ক্রয় পরিকল্পনা সওজ ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সিনিয়র সিস্টেম এনালিস্ট, সওজ, ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল; নির্বাহী প্রকৌশলী, সওজ, তদন্ত বিভাগ।
৫।	সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত বাজেট বাস্তবায়নের লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে অবগতকরন পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য পত্র দিতে হবে।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, রক্ষণাবেক্ষণ সার্কেল; তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, মনিটরিং সার্কেল।

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
৬।	নির্ধারিত সময়ের মধ্যে ১৪ (চৌদ্দ) টি PIC সভার আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, পরিকল্পনা ও কার্যক্রম সার্কেল।
৭।	সেপ্টেম্বর, ২০২২ এর মধ্যে বাস্তবায়নাধীন উল্লেখযোগ্য ০৪ (চার) টি কাজে Quality Assurance Plan অনুসরণ হচ্ছে কিনা তা নীরিক্ষাকরণের কার্যক্রম সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (তঃ প্রঃ), সওজ, বাংলাদেশ সড়ক গবেষণাগার।
৮।	ডিজিটাল প্লাটফরম ব্যবহারের মাধ্যমে প্রধান কার্যালয় হতে মাঠ পর্যায়ের গুরুত্বপূর্ণ ০২ (দুটি) টি চলমান কাজ মনিটরিং-এর ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং।

০৪/০৮/২২

(এ,কে,এম, মনির হোসেন পাঠান)
প্রধান প্রকৌশলী
ও
আহবায়ক, সওজ নৈতিকতা কমিটি

স্মারক নং- তারিখ-

অনুলিপি সদয় জ্ঞাতার্থে পেশ করা হলোঃ

১। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা ও সদস্য, সওজ নৈতিকতা কমিটি।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, যান্ত্রিক উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা ও সদস্য, সওজ নৈতিকতা কমিটি।
৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ব্রীজ ম্যানেজমেন্ট উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা ও সদস্য, সওজ নৈতিকতা কমিটি।
৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, টেকনিক্যাল সার্ভিসেস উইং, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা ও সদস্য, সওজ নৈতিকতা কমিটি।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, প্রশাসন ও সংস্থাপন সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী,পরিকল্পনা ও কার্যক্রম সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৭। পরিচালক (তঃপ্রঃ, সওজ),বাংলাদেশ সড়ক গবেষণাগার, পাইকপাড়া, মিরপুর, ঢাকা।
৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, মনিটরিং সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, প্রকিউরমেন্ট সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
১০। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, রক্ষণাবেক্ষণ সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
১১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, প্রশিক্ষন কেন্দ্র, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
১২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সওজ, ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা। কার্যবিবরণীটি সওজ ওয়েবসাইট-এর জাতীয় শুদ্ধাচার বাতায়নে আপলোড করার জন্য নির্দেশ প্রদান করা হলো।
১৩। এস্টেট এন্ড ল' অফিসার, প্রধান কার্যালয়, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
১৪। নির্বাহী প্রকৌশলী, সওজ, প্রশাসন ও সংস্থাপন বিভাগ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
১৫। নির্বাহী প্রকৌশলী, সওজ, তদন্ত বিভাগ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

০৪/০৮/২০২২

(মোঃ রেজাউল করিম)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ
ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং
ও
সদস্য সচিব, সওজ নৈতিকতা কমিটি